



“The Feasibility Study on Dhaka Mass Rapid Transit Development Project (MRT Line-1 and MRT Line-5)” শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত ডিএসপিইসি সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	২৫/০৬/২০২০
সভার সময়	১২.০০ ঘটিকায়
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১

সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। প্রকল্পের বাস্তবায়নের সর্বশেষ অবস্থার বিবরণ দিয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, “The Feasibility Study on Dhaka Mass Rapid Transit Development Project (MRT Line-1 and MRT Line-5)” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি গত ১৮/১২/২০১৭ তারিখ মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। প্রকল্পটির অনুমোদিত মোট ব্যয় ৪৬.৩৭০৪ কোটি টাকা (জিওবি ৩.২৯৮১ কোটি এবং প্রকল্প সাহায্য ৪৩.০৭২৩ কোটি) টাকা। প্রকল্পের বাস্তবায়নকাল জানুয়ারি ২০১৭ থেকে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত নির্ধারিত ছিল। পরবর্তীতে প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ম বার জানুয়ারি ২০১৭ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত এবং ২য় বার জানুয়ারি ২০১৭ জুন ২০২০ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। **Underground Metro Rail** এর সুবিধা সম্বলিত **MRT Line-1** (রুট: এয়ারপোর্ট-কুড়িল-গুলশান-বাবু-রামপুরা-মৌচাক-রাজারবাগ-কমলাপুর এবং পূর্বাচল-কুড়িল) এবং **MRT Line-5** (রুট: হেমায়েতপুর-গাবতলী-টেকনিক্যাল-কচুক্ষেত-বনানী-ভাটারা) নির্মাণের সম্ভাব্যতা যাচাই করে দিক নির্দেশনা প্রদান প্রকল্পটির মূল উদ্দেশ্য। এ পর্যায়ে আউটসোর্সিং ও কনসালটেন্সি খাতে ব্যয় বৃদ্ধি জনিত কারণে প্রকল্পের ১ম অন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব দেয়া হয়েছে।

৩.০ আলোচনাঃ

৩.১

সভাকে অবহিত করা হয় যে, নির্ধারিত সময়ে প্রকল্পের অধীনে প্রশিক্ষণ সমূহ সম্পন্ন না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জানুয়ারি ২০১৭ থেকে জুন ২০২০ পর্যন্ত ০৬ (ছয়) মাস বৃদ্ধি করা হয়। এর ফলে প্রকল্পের আউটসোর্সিং জনবল ও কনসালটেন্সি খাতে ব্যয় বৃদ্ধি পায় যা সংশোধিত বরাদ্দ অতিক্রম করে। সভাকে আরো অবহিত করা হয় যে, জনবল খাতে অতিরিক্ত মোট ৮.০০ লক্ষ টাকা প্রয়োজন যার মধ্যে আউটসোর্সিং খাতে ৬.০০ লক্ষ এবং কনসালটেন্সি খাতে ২.০০ লক্ষ টাকা অতিরিক্ত প্রয়োজন। এ অতিরিক্ত ৮.০০ লক্ষ টাকা

অন্যান্য কতিপয় অঞ্জের অব্যয়িত অর্থ হতে সংস্থান করে আউট সোর্সিং জনবল ও কনসালটেন্সি খাতে সন্নিবেশ করে আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাব করা হয়েছে। সভাকে অবহিত করা হয় যে, সর্বশেষ পরিপত্রের ১৬.১১ অনুচ্ছেদ অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কালে মোট ব্যয়, অর্থায়নের ধরন ও অর্থায়নের উৎস অপরিবর্তিত রেখে প্রকল্পের বিভিন্ন অঞ্জের মধ্যে আন্তঃঅঞ্জ ব্যয় সমন্বয়ের বিশেষ প্রয়োজন হলে একই প্রকল্প ছকে (ডিপিপি/আরডিপিপি বা টিএপিপি/আরটিএপিপি ছক যেখানে যা প্রযোজ্য) প্রস্তাব প্রণয়ন করতে হবে। এ আন্তঃঅঞ্জ ব্যয় সমন্বয়ের প্রস্তাব ডিপিইসি/ডিএসপিইসি-এর সুপারিশক্রমে একবার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী অনুমোদন করবেন। এ ব্যবস্থা প্রকল্প সংশোধন হিসেবে বিবেচিত না হয়ে আন্তঃঅঞ্জ ব্যয় সমন্বয় হিসেবে বিবেচিত হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে আউট সোর্সিং জনবল ও কনসালটেন্সি খাতে অতিরিক্ত মোট ৮.০০ লক্ষ টাকা সংস্থানের জন্য আন্তঃখাতসমন্বয়ের প্রস্তাবটি অনুমোদন করা যায় মর্মে সভায় সুপারিশ করা হয়। তবে পরামর্শক খাতের অতিরিক্ত ২.০০ লক্ষ টাকা ভ্যারিয়েশনের মাধ্যমে পরামর্শক ব্যয় সংক্রান্ত প্যাকেজে যথাযথভাবে প্রতিফলন করতে হবে।

৪.০০ সিদ্ধান্তঃ

সভায় আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১ প্রকল্পের আউট সোর্সিং জনবল ও কনসালটেন্সি খাতে অতিরিক্ত মোট ৮.০০ লক্ষ টাকা সংস্থানের প্রস্তাব সম্বলিত ১ম আন্তঃখাত সমন্বয়ের প্রস্তাবটি ডিএসপিইসি সভায় সুপারিশ করা হল। এ ক্ষেত্রে প্রকল্পের মোট ব্যয় এবং মেয়াদ অপরিবর্তিত থাকবে।

৪.২ প্রকল্পের পরামর্শক খাতের অতিরিক্ত ২.০০ লক্ষ টাকা ভ্যারিয়েশনের মাধ্যমে পরামর্শক ব্যয় সংক্রান্ত প্যাকেজে যথাযথভাবে প্রতিফলন করতে হবে।

৫. উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩৩.০৬.০০১.২০.১৮৮

তারিখ: ১৬ আষাঢ়. ১৪২৭

৩০ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ

- ২) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ (প্রধান)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৬) সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৭) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
- ৮) যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ৯) নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
- ১০) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১১) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১২) উপ প্রধান, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৩) উপসচিব, ডিএফডিপি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি ইউনিট (সিনিয়র সিস্টেম এনালিস্ট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



মোঃ মাখজানুল ইসলাম তৌহিদ
সিনিয়র সহকারী প্রধান